# চট্টগ্রামে ট্রেন-ট্রাক সংঘর্ষে নিহত ১, তদন্ত কমিটি গঠন



সংগৃহীত ছবি

চট্টগ্রামের সাগরিকা রেলগেট এলাকায় চালবোঝাই ট্রাকের সঙ্গে মালবাহী ট্রেনের সংঘর্ষে একজন নিহত হয়েছেন। মঙ্গলবার (২৮ অক্টোবর) ভোর সাড়ে ৪টার দিকে এ দুর্ঘটনা ঘটে, যা মুহূর্তেই এলাকায় আতঙ্ক ছড়িয়ে দেয়।

দায়িত্বরত গেটকিপার জানান, নিয়ম অনুযায়ী সিগন্যাল দেওয়া হলেও দ্রুতগতির ট্রাকটি তা উপেক্ষা করে রেললাইন অতিক্রমের চেষ্টা করে। ফলে ট্রেনের সঙ্গে ট্রাকটির তীব্র সংঘর্ষ হয়। তবে স্থানীয়রা গেটকিপারের অসাবধানতাকেই দুর্ঘটনার মূল কারণ হিসেবে দায়ী করেছেন।

রেলওয়ে কর্তৃপক্ষ জানিয়েছে, চট্টগ্রাম গুডস পোর্ট থেকে ভোর ৪টা ১০ মিনিটে কমলাপুর আইসিডির উদ্দেশ্যে যাত্রা শুরু করে ট্রেনটি। এতে মোট ৩১টি মালবাহী বগি ছিল। সংঘর্ষের ফলে ট্রেনের ইঞ্জিনসহ একটি বগি উল্টে যায় এবং লাইনে সাময়িকভাবে ট্রেন চলাচল বন্ধ হয়ে পড়ে।

দুর্ঘটনার কারণ অনুসন্ধানে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে রেলওয়ে প্রশাসন। কমিটিকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

LENS ASIA